

স্বাভাবিকভাবেই রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ৫৪ ছাত্রের বিরুদ্ধে পুলিশের দায়েরকৃত হয়রানিমূলক মামলায় নতুন করে আরও ১০ ছাত্রীকে আসামী করে তাদের বিরুদ্ধে খেফতারী পরোয়ানা জারি করা হয়েছে। এদের মধ্যে তিন ছাত্রী রবিবার রাজশাহী সিএমএম আদালতে আগাম জামিন নিয়েছে। অন্যদের বাড়ি বাড়ি গিয়ে পুলিশ হয়রানি করছে বলে ভুক্তভোগী ছাত্রীরা অভিযোগ করেছে।

যাদের বিরুদ্ধে খেফতারী পরোয়ানা জারি হয়েছে তারা হলো, জামিলা কান্তা, ফাউদিয়া খাতুন, নাদিরা শারমিন, শামীমা জেরিন, শাহানাজ আক্তার, শরীফা তাসলিম টুটুলি, নিলুফার ইয়াসমিন, শামসুন্নাহার লিলা, মনীষা মাফরুহা, সুমাইয়া আক্তার। এদের মধ্যে অনেকেই পড়াশোনা শেষ করে

## প্রতিবাদে বিক্ষোভ সমাবেশ রাবির ১০ ছাত্রীর বিরুদ্ধে মামলা ৥ খেফতারী পরোয়ানা

নতুন করে ১০ ছাত্রীর বিরুদ্ধে খেফতারী পরোয়ানা জারির প্রতিবাদে রবিবার বিকালে রাজশাহী মহানগরীতে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে।  
উল্লেখ্য, ২০০৪ সালের ২৯ অক্টোবর গভীর রাতে বিশ্ববিদ্যালয়ের তাপসী রাবেয়া হলে তিন অস্ত্রধারী বহিরাগত যুবকের অনুপ্রবেশের ঘটনায় ৩০ অক্টোবর

পুলিশ শতাধিক শিক্ষার্থীকে খেফতার করে তাদের মধ্য থেকে ৫৪ ছাত্রের বিরুদ্ধে মামলা দায়ের করে। বিশ্ববিদ্যালয় রেজিস্ট্রার বাদী হয়ে ক্যাম্পাসের সম্পদ বিনষ্টের অভিযোগে ওই ৫৪ ছাত্রের বিরুদ্ধে আরও একটি মামলা দায়ের করেন। রেজিস্ট্রারের পক্ষ থেকে দায়ের করা মামলাটি প্রত্যাহার করা হলেও পুলিশের দায়েরকৃত মামলাটি এখনও বিচারাধীন রয়েছে।